

শিকল-পরার গান

কাজী নজরুল ইসলাম



এই শিকল-পরা ছল মোদের এ শিকল-পরা ছল।
এই শিকল পরেই শিকল তোদের করব রে বিকল ॥

তোদের বন্ধ কারায় আসা মোদের বন্দী হতে নয়,
ওরে ক্ষয় করতে আসা মোদের সবার বাঁধন-ভয়।
এই বাঁধন প'রেই বাঁধন-ভয়কে করবো মোরা জয়,
এই শিকল-বাঁধা পা নয় এ শিকল-ভাঙা কল ॥

তোমার বন্ধ ঘরের বন্ধনীতে করছ বিশ্ব গ্রাস,
আর ত্রাস দেখিয়েই করবে ভাবছো বিধির শক্তি-হ্রাস ॥
সেই ভয়-দেখানো ভূতের মোরা করব সর্বনাশ,
এবার আন্বো মাতৈঃ-বিজয়-মন্ত্র বল-হীনের বল ॥

তোমরা ভয় দেখিয়ে করছ শাসন, জয় দেখিয়ে নয়;
সেই ভয়ের টুটিই ধরব টিপে, করব তারে লয়।
মোরা আপনি ম'রে মরার দেশে আন্ব বরাভয়,
মোরা ফাঁসি প'রে আন্ব হাসি মৃত্যু-জয়ের ফল ॥

ওরে ক্রন্দন নয় বন্ধন এই শিকল-বন্ধনা,
এ যে মুক্ত-পথের অগ্রদূতের চরণ-বন্দনা!
এই লাঞ্চিতেরাই অত্যাচারকে হান্ছে লাঞ্জন,
মোদের অস্তি দিয়েই জ্বলবে দেশে আবার বজ্রানল ॥

সৌজন্যঃ

নজরুল রচনাবলী, ১ম খণ্ড ঢাকাঃ বাংলা একাডেমী, ১৯৯৬; পৃঃ ১১১-১১২